মেঘনা বুলেটিন

সংখ্যা-০৪
ফেব্রুয়ারি-মার্চ ২০১৭

বর্ষপূর্তি উদযাপনঃ

গত ১৮ ফেব্রুয়ারি ২০১৭ উদ্‌যাপিত হলো রেডিও মেঘনার ২য় বর্ষপূর্তি অনুষ্ঠান। দিবসটি উপলক্ষে রেডিও মেঘনার আয়োজনে নাগরিক সমাজ ও শ্রোতাদের নিয়ে একটি বর্নাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিটি রেডিও মেঘনার উপদেষ্টা কমিটির সভাপতি মোহাম্মদ মনোয়ার হোসেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, চরফ্যাসন-ভোলার নেতৃত্বে সকাল ১০টায় উপজেলা পরিষদ চত্বর থেকে চরফ্যাসন বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সকাল ১১:৩০ মিনিটে ব্রজগোপাল টাউন হলে শেষ হয়।

র‍্যালিতে উল্লেখযোগ্য উপস্থিতিদের মধ্যে ছিলেন-জয়নাল আবেদিন আখন্দ, চেয়ারম্যান-উপজেলা পরিষদ, চরফ্যাসন; মোহাম্মদ মনোয়ার হোসেন- উপজেলা নির্বাহি কর্মকর্তা, চরফ্যাসন; হিরন্ময় বিশ্বাস-উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা-চরফ্যাসন; পৌর কাউন্সিলর, সাংবাদিক বৃন্দ, চরফ্যাসন থানা প্রতিনিধি, বাজার ব্যবসায়ী, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীবৃন্দ, রেডিও অন্যান্য শ্রোতা,কোস্ট ট্রাস্টের আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারি মোঃ নুর-ই-আলমসহ ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ অন্যান্য প্রকল্পের কর্মীবৃন্দ।

এই কর্মসূচির মাধ্যমে কমিউনিটির মানুষদের সাথে রেডিও'র মধ্যকার মিথষ্ক্রিয়া, মতবিনিময় এবং আন্তরিকতা গড়ে ওঠে। সাধারণ জনগোষ্ঠীর মাঝে রেডিওকে সমৃদ্ধশীল করার লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবারও শ্রোতাদের জন্য আর্কষণীয় কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়।

আমাদের সম্পর্কে

আমাদের অনুষ্ঠানসমূহ

- মা আমার মা
- সফল নারী
- ভূমিহীনদের কথা
- কিশোর-কিশোরী
- কৃষি ও কৃষক
- পাঠশালা
- আমাদের ক্যাম্পাস
- জেলেজীবন
- আজকের শিশু
- প্রতিবন্ধীদের কথা
- প্রতিদিনের খবর

উপদেষ্টা কমিটির সভাঃ

গত ২৯ মার্চ, ২০১৭ চরফ্যশন উপজেলার নির্বাহি কর্মকর্তার কার্যালয়ে উপদেষ্টা কমিটির সভাপতি মোহাম্মদ মনোয়ার হোসেনের সভাপতিতে রেডিও মেঘনার দ্বিমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

রেডিও মেঘনার প্রচার প্রচারণা বৃদ্ধির লক্ষ্যে সিএনজি, ইজিবাইক, রিক্সা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টিকার লাগানো। পাশাপাশি রেডিও মেঘনার আরোও প্রচার প্রচারণা বৃদ্ধির জন্য অটো রিক্সা মালিক এবং মোবাইল ফোন ব্যবসায়ীদের একটি সভা আয়োজনের সিদ্ধান্ত হয় যাতে করে তারা তাদের দোকানে সারাক্ষণ রেডিও মেঘনার অনুষ্ঠান শোনেন। সরকারী-বেসরকারী অনুষ্ঠানগুলো নিয়মিত প্রচার করার বিষয়ে আলোচনা হয় সভায় এবং সরকারী নির্দেশনা অনুযায়ি তা নিয়মিত প্রচার করা হয় বলে সভায় জানানো হয়। এছাড়া পাবলিক পরীক্ষাসংক্রান্ত সংবাদ নিয়মিত প্রচারের জন্য সভায় অনুরোধ জানানো হয়।

আন্তর্জাতিক নারী দিবস উদযাপনঃ

আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের অংশ হিসেবে চরফ্যাশন সদর রোডে '**নারীর জন্য পুরষ-নারীর অধিকার নিশ্চিতকরণে পুরুষের পদযাত্রা**' শ্লোগানে একটি মানববন্ধন করা হয় । মানববন্ধনে উপস্থিত ছিলেন চরফ্যাসনের উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মনোয়ার হোসেনসহ ছাত্র, শিক্ষক, শ্রমিক, সাংস্কৃতিক কর্মী, কৃষক, কিশোর ক্লাবের প্রতিনিধি, প্রেসক্লাব সভাপতি , পৌর মেয়র ও কাউন্সিলর, ভাইস চেয়ারম্যান, বিভিন্ন এনজিও কর্মী এবং কোস্ট ট্রাস্ট এর পুরুষ সহকর্মীগণ। নারী দিবস সবার প্রতি আহবান ছিল : কর্মক্ষেত্রে বিদ্যমান ও দৃঢভাবে চলতে থাকা পার্থক্য ও বাধা-ধরা বিষয় যা প্রায়ই

পুরুষকে নারীর চেয়ে বেশি সুবিধা দিয়ে থাকে সেগুলো বিবেচনায় রেখে একটি কার্যকর ও ফলপ্রসূ পদক্ষেপ গ্রহণ; সিদ্ধান্ত গ্রহণ ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার পাশাপাশি গণমাধ্যমে তাদের অভিগম্যতা, সুযোগ এবং অধিকার ও অংশগ্রহণ বাড়ানো; কর্মস্থলসহ সকল কার্যক্রমে নারী ও পুরুষের সম ব্যবহার, সমমজুরি, নিরাপদ কর্মপরিবেশ, যথাযথ ও সম জীবন নিশ্চিতকরণ ইত্যাদি।

কৃষি ও কৃষকঃ

রেডিও মেঘনার সাপ্তাহিক অনুষ্ঠান কৃষি ও কৃষক। এই অনুষ্ঠানটির মাধ্যমে আমরা আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করি কৃষকদের সুখ দুঃখের কথা। তারই ধারাবাহিকতায় আজ তুলে ধরা হয়েছে মীনা বাজারের কিছু কৃষকদের কথা।

এই পর্বে তুলে ধরা হয় কৃষক জাফরের চাষাবাদ সংক্রান্ত বিষয়াবলী সমস্যা এবং সম্ভাবনার কথা। এবছর তিনি আবাদ করেছেন ধান, ডাল, মরিচ, বাদাম ইত্যাদি। তিনি আরও জানান, প্রায় ১২-১৩ বছর ধরে এই পেশায় যুক্ত থাকার কারণে ছোট খাটো সমস্যাসমূহ তিনি নিজেই সমাধান করেন। শুধুমাত্র বড় ধরনের সমস্যা হলে তিনি কৃষি কর্মকর্তা ও বাজারের কীটনাশক ব্যাবসায়ীর কাছ থেকে পরামর্শ নেন। এছাড়া অন্য একজন কৃষক রামকৃষ্ণের সাথে কথা বলে জানা যায়, এতদিন পর্যন্ত কৃষিকাজ করে ভালোভাবে দিন কাটালেও গতবছর থেকে তেমন ভালো কাটছে না দিন।এই অনুষ্ঠানটি প্রচারিত হয় সপ্তাহের প্রতি বৃহস্পতিবার সকাল ১০.৩৫-১১.০০ পর্যন্ত শুধুমাত্র রেডিও মেঘনায় ৯৯.০ এফ.এম এ।

প্রতিবন্ধীদের কথাঃ

প্রতিবন্ধীদের কথায় এপর্বে তুলে ধরা হয় প্রতিবন্ধী আকলিমার কথা। মাত্র দেড় বছর বয়সে আকলিমার পায়ে সমস্যা দেখা দেয়। তখন তার হাঁটতে খুব কষ্ট হতো। অনেক টাকা খরচ করেও কোন লাভ হয়নি আর।

এখন আকলিমার বয়স তেরো। কিন্তু তার প্রতিবন্ধিতার কারণে তার স্কুল যাওয়া বন্ধ হয়ে যায়। আকলিমার বয়সী মেয়েরা বিদ্যালয়ে যায় তখন তার মায়ের খুব কষ্ট হয়। আকলিমা সুস্থ থাকলেও হয়তো তার সমবয়সী মেয়েদের মতো বিদ্যালয়ে যেতে পারতো। প্রতিবন্ধি হওয়ার কারনে এখন সবার অবহেলা পেতে হয়। আমাদের সমাজের এ প্রতিবন্ধী ব্যক্তিরা নিজের পরিবারে কাছেও অনেক সময় অবহেলা পেতে পতে বড় হয়। এটিও রেডিও মেঘনার একটি সাপ্তাহিক অনুষ্ঠান যা প্রচারিত হয় প্রতি শুক্রবার সকাল ৯.২০ থেকে ৯.৪০ পর্যন্ত।

ভূমিহীনদের কথাঃ

ভূমিহীনদের কথা অনুষ্ঠানটি নিয়মিত প্রচার হয় প্রতি রবিবার ৬:৩০ থেকে ৬:৫০ পর্যন্ত। এই পর্বে অনুষ্ঠানটির জন্য আমরা গিয়েছিলাম শিবা চৌমুনি। কথা বলেছিলাম জাহানারা বেগমের সাথে যার বয়স ৬০ বছর। দুই ছেলে ও স্বামীকে নিয়ে তার পরিবার। তিনি বলেন, ২০ বছর যাবৎ থাকছেন সরকারি জায়গায়। তিনি আরো জানান, টয়েলেট ও টিউওবয়েলের সমস্যা তাদের প্রকট। সরকারি কেনো সহায়তা পাননি তিনি এই ২০ বছরে।

স্বাস্থ্যই সুখঃ

স্বাস্থ্যই সুখ অনুষ্ঠানটির জন্য আমরা গিয়েছিলাম ঘোষের হাট। সেখানে গিয়ে কথা হয় স্বাস্থ্য কর্মী ফরিদা বেগমের সাথে যিনি গর্ভবতী মা এবং শিশুদের বিশেষ করে সেবা দিয়ে থাকেন। পাশাপাশ তিনি সবাইকে স্বাস্থ্য শিক্ষা দিয়ে থাকেন। যেমন, হাত ধোঁয়া সর্ম্পকে, ডায়রিয়া, আমাশয়, টাইফয়েডসহ অন্যান্য পানিবাহিত রোগ সম্পর্কে।

তিনি আমাদের আরও জানান, শুক্রবার ছাড়া সব দিন খোলা থাকে। সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত তিনি রোগী দেখেন। তিনি কিছু সমস্যার কথা বলেন, যেমন বিদ্যুৎ, টিউবয়েল ইত্যাদি না থাকার কথা। অনুষ্ঠানটি প্রচারিত হয় প্রতি রবিবার সকাল ১০টা থেকে ১০-৩০ পর্যন্ত শুধুমাত্র রেডিও মেঘনায় ৯৯.০ এফএমএ।